

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

## মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, ফ্যাক্স : ০৮৬১-৬২১৭৬

Website : <http://www.mbgc.gov.bd> / e-mail : [mbgovtcollege@yahoo.com](mailto:mbgovtcollege@yahoo.com)<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

তারিখ : ০৬/০৪/২০২৩ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত (সংশোধিত) বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সম্মান ১ম বর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা অনুসারে ০৫.০৪.২০২৩ হতে ০৮.০৫.২০২৩ তারিখের মধ্যে Online এ ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করে ০৯.০৫.২০২৩খ্রি. তারিখের মধ্যে কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং অপারেটর 'ট্যাপ' এর মাধ্যমে ২৫০/- টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

## আবেদনের শর্তাবলী :

- বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৯/২০২০ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০২১/২০২২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ মিলে উভয় পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৯/২০২০ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০২১/২০২২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ মিলে উভয় পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।
- ২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- আবেদনকারী উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান/পাস) কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে চলমান ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত হলে অবশ্যই পূর্বের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে চূড়ান্তভাবে ভর্তি হতে পারবে। অন্যথায় দ্বৈত ভর্তির প্রেক্ষিতে উভয় ভর্তি বাতিল হবে।

## ফি জমা দেয়ার নিয়মাবলী

- ০১ : Moulvibazar Government College এর ওয়েব সাইটে প্রবেশ করে 'MBGC E-Payment System' এর মাধ্যমে ট্যাপ মোবাইল ব্যাংকিং অপারেটর ব্যবহার করে ২৫০/- টাকা ফি জমা দিতে হবে। ফি জমাদানের ক্ষেত্রে ট্যাপ মোবাইল ব্যাংকিং অপারেটর এর ১% সার্ভিস চার্জ প্রযোজ্য।
- ০২ : কলেজের ওয়েবসাইটে 'MBGC E-Payment System' এর ক্ষেত্রে Student ID এর স্থলে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত রোল নম্বর সঠিকভাবে টাইপ করতে হবে। এখানে উল্লেখ্য যে, যদি কোন শিক্ষার্থী রোল নম্বর ভুল করে তাহলে তার ভর্তির প্রাথমিক আবেদন সম্পন্ন হবে না।
- ০৩ : শিক্ষার্থীর নাম ইংরেজি বড় হাতের অক্ষরে (Capital Letter) লিখতে হবে এবং মোবাইল নম্বর সঠিক ভাবে টাইপ করতে হবে।
- ০৪ : MBGC E-Payment System' এর ফি প্রদান শেষে প্রাপ্ত অনলাইন রশিদ এর মূলকপি শিক্ষার্থী অবশ্যই নিজের কাছে সংরক্ষণ করবে।
- ০৫ : আবেদন ফরমটি সঠিকভাবে Online এ পূরণ শেষে Submit করে উক্ত ফরমটি A4 সাইজের সাদা কাগজে প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে ০১ সেট আবেদনপত্র এবং ফি প্রদানের অনলাইন রশিদ কপি কলেজের অফিস কক্ষ-২ অথবা প্রশাসনিক ভবন কাউন্টার-১ এ জমা দিতে হবে।
- ০৬ : সকল কাগজপত্রের প্রিন্ট কপি (আবেদন ফরম এবং ফি জমা দেয়ার অনলাইন প্রিন্ট কপি ০১ সেট) শিক্ষার্থীরা নিজের কাছে সংরক্ষণ করবে।

০৬.০৪.২০২৩
   
(প্রফেসর দেবশীষ দেবনাথ)
   
অধ্যক্ষ
   
মৌলভীবাজার সরকারি কলেজ
   
মৌলভীবাজার

০৬.০৪.২০২৩ খ্রি.
   
(সত্যজিৎ দেব)
   
আহবায়ক
   
স্নাতক সম্মান ভর্তি কমিটি-২০২২-২০২৩
   
মৌলভীবাজার সরকারি কলেজ
   
মৌলভীবাজার